

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৪০৭৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬২৩]

২৫। হিবাত (দান) (আদু্দা)

পরিচ্ছেদঃ ৩. দানে সন্তানদের মধ্যে কাউকে প্রাধান্য দেয়া মাকরূহ

باب كَرَاهَةِ تَفْضِيلِ بَعْضِ الأَوْلادِ فِي الْهِبَةِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُسْهِرٍ، عَنْ أَبِي حَيَّانَ، عَنِ الشَّعْبِيِّ، عَنِ اللَّهِ مْنِ نُمَيْرٍ، _ وَاللَّفْظُ لَهُ _ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ، _ وَاللَّفْظُ لَهُ _ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ، _ وَاللَّفْظُ لَهُ _ حَدَّثَنَا أَبُو حَيَّانَ التَّيْمِيُّ، عَنِ الشَّعْبِيِّ، حَدَّثَنِي النَّعْمَانُ بْنُ بَشِيرٍ، أَنَّ أُمَّهُ بِنْتَ بَنْ بَشِيرٍ، مَا الْمَوْهِبَةِ مِنْ مَالِهِ لِإَبْنِهَا فَالْتَوَى بِهَا سَنَةً ثُمَّ بَدَا لَهُ فَقَالَتُ لَا رَوَاحَةَ، سَأَلَتُ أَبَاهُ بَعْضَ الْمَوْهِبَةِ مِنْ مَالِهِ لِإَبْنِهَا فَالْتَوَى بِهَا سَنَةً ثُمَّ بَدَا لَهُ فَقَالَتُ لَا أَرْضَى حَتَّى تُشْهِدَ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم عَلَى مَا وَهَبْتَ لِابْنِي . فَأَخَذَ أَبِي بَيْدِي وَأَنَا يَوْمَئِذِ غُلَامٌ فَأَتَى رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم عَلَى مَا وَهَبْتَ لِابْنِي . فَأَخَذَ أَبِي بِيدِي وَأَنَا يَوْمَئِذِ غُلَامٌ فَأَتَى رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ يَا رَسُولَ اللَّهِ صلى الله عَليه وسلم فَقَالَ يَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " يَا بَشِيرُ أَلَكَ وَلَدٌ سِوَى هَذَا " . قَالَ نَعَمْ . فَقَالَ " أَكُلَّهُمْ وَهَبْتَ لَهُ مِثْلَ هَذَا " . قَالَ لَا . قَالَ لَا فَلاَ تُشْهِدُنِي إِذًا فَإِنِّي لاَ أَشْهُدُ عَلَى جَوْرٍ " .

বাংলা

৪০৭৪-(১৪/...) আবৃ বকর ইবনু আবৃ শাইবাহ্ (রহঃ) ... নু'মান ইবনু বাশীর (রাযিঃ) থকে বর্ণিত। তার মা বিনতু রাওয়াহ (রাযিঃ) তাঁর পিতার নিকট স্বীয় পুত্রের জন্যে তার সম্পদ থেকে কিছু দান করার অনুরোধ করলেন। এক বছর যাবৎ তিনি এ ব্যাপারে গড়িমসি করেন। পরে তা দেয়ার ইচ্ছা জাগল। বিনতু রাওয়াহা (রাযিঃ) বললেন, আমার পুত্রকে যা দিবেন তার উপর রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে সাক্ষী না রাখা পর্যন্ত আমি খুশি হবো না। তখন আমার পিতা আমার হাত ধরে রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট আসলেন। সে সময় আমি বালক ছিলাম। তিনি বললেন, হে আল্লাহর রস্ল! এর মা বিনতু রাওয়াহা চায়় যে, আমি তাঁর পুত্রকে যা দান করেছি আপনাকে তার সাক্ষী রাখি। রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হে বাশীর! এ ছাড়া তোমার কি আর কোন পুত্র আছে? বললেন, হ্যাঁ। তিনি বললেন, তুমি কি তাদের সকলকে এরূপ দান করেছ? তিনি বললেন, না। তখন তিনি বললেন, তাহলে আমাকে সাক্ষী রেখো না। কারণ, আমি যুলুমের ব্যাপারে সাক্ষী হই না। (ইসলামিক ফাউন্ডেশন ৪০৩৭, ইসলামিক সেন্টার ৪০৩৬)



English

Nu'man b. Bashir reported that his mother bint Rawaha asked his (Nu'man's) father about donating some gifts from his property to his son. He deferred the matter by one year, and then set forth to do that. She (Nu'man's mother) said:

I shall not be pleased unless you call Allah's Messenger (ﷺ) as witness to what you confer as a gift on your son. (Nu'man said): So father took hold of my hand and I was at that time a boy, and came to Allah's Messenger (ﷺ). and said: Allah's Messenger, the mother of this son (of mine), daughter of Rawaha wishes that I should call you witness to what I confer as gift to her son. Allah's Messenger (may pease be upon him) said: Bashir, have you any other son besides this (son of yours)? He said: Yes. He (the Holy Prophet) said: Have you given gifts to all of them like this? He said: No. Thereupon he (the Holy Prophet) said: Then call me not as witness, for I cannot be witness to an injustice.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ নু'মান ইবনু বশীর (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন